মেহেরপুরের বারাদীতে জামায়াতের কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বারাদীতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে মোমিনপুর মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়ে এ কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়ন জামায়াতের আমির আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির তাজ উদ্দীন খান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা জামায়াত আমির সোহেল রানা ও উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম।

বক্তারা তাদের বক্তব্যে পবিত্র কোরআন ও হাদিসের আলোকে মহান আল্লাহর আদেশ-নিষেধ, ব্যক্তিজীবন ও সমাজজীবনে ইসলামের শিক্ষার গুরুত্ব এবং মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর জীবন ও ইসলাম প্রতিষ্ঠার বিভিন্ন ঐতিহাসিক ঘটনা তুলে ধরেন।

বক্তারা বলেন, ইসলামী আদর্শ ও নৈতিক মূল্যবোধ অনুসরণের মাধ্যমে একজন মানুষ নিজেকে সৎ, আদর্শবান ও দায়িত্বশীল হিসেবে গড়ে তুলতে পারেন। কোরআন-সুন্নাহর শিক্ষা ব্যক্তি, পরিবার ও সমাজজীবনে বাস্তবায়নের মাধ্যমে শান্তি, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা সম্ভব। এ জন্য নেতাকর্মীদের নিয়মিত কোরআন-হাদিস অধ্যয়ন, আত্মশুদ্ধি ও সাংগঠনিক দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়।

অনুষ্ঠানে বারাদী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের জামায়াতের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। কর্মী শিক্ষা বৈঠকে কোরআন-হাদিসের শিক্ষা, সাংগঠনিক দায়িত্ব ও নৈতিক চরিত্র গঠনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বারাদী ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি আব্দুর রাজ্জাক।

গাংনীতে দুই প্রতিষ্ঠানকে ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী বাজারে অভিযান চালিয়ে দুই প্রতিষ্ঠানকে মোট ৭০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর। এ সময় প্রায় ৬০০ বোতল নিষিদ্ধ কেওড়া জল ও লক্ষাধিক টাকার ফিজিশিয়ান স্যাম্পল জব্দ করা হয়েছে।

সোমবার (২৪ আগস্ট) সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত গাংনী বাজার এলাকায় এ অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযানকালে যথাযথ কর্তৃপক্ষের সনদ ছাড়া এবং নিষিদ্ধ কেওড়া জল ব্যবহার করে খাদ্যসামগ্রী তৈরির কারণে মো. জসিম হাওলাদারের নান্না বিরিয়ানী হাউসকে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়।

এ ছাড়া সর্বোচ্চ খুচরা মূল্য (এমআরপি) ছাড়া ফিজিশিয়ান স্যাম্পল ওষুধ বিক্রি ও সংরক্ষণের কারণে মো. সোহাগ আলীর মেসার্স সোহাগ মেডিসিন কর্ণারকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে দুই প্রতিষ্ঠান থেকে মোট ৭০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। একই সঙ্গে প্রায় ৬০০ বোতল নিষিদ্ধ কেওড়া জল জব্দ করে ধ্বংস করা হয়। এ ছাড়া প্রায় লক্ষাধিক টাকার ফিজিশিয়ান স্যাম্পল জব্দ করে দাতব্য চিকিৎসা কার্যক্রমের জন্য মেহেরপুরের সিভিল সার্জনের কাছে হস্তান্তর করা হয়।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন নিরাপদ খাদ্য কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মো. রিয়াজ মাহমুদ, গাংনী স্যানিটারি ইন্সপেক্টর মো. মসিউর রহমান, মেহেরপুর জেলা পুলিশের একটি দল এবং র্যাব-১২-এর একটি দল।

মেহেরপুরে ১০টি মসজিদ সংস্কারে ৩০ লাখ টাকা বরাদ্দ

মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার ১০টি মসজিদের সংস্কার ও উন্নয়নকাজের জন্য মোট ৩০ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। বরাদ্দের আওতায় প্রতিটি মসজিদের জন্য ৩ লাখ টাকা করে দেওয়া হয়।

সোমবার (২৪ আগস্ট) সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদে আয়োজিত অনুষ্ঠানে সংশ্লিষ্ট মসজিদ কমিটির সদস্যদের হাতে বরাদ্দের অর্থ তুলে দেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য তাজউদ্দীন খান।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) আওতাধীন সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন-২ (GSID-2) প্রকল্পের মাধ্যমে এসব অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে।

বরাদ্দপ্রাপ্ত মসজিদগুলোর মধ্যে রয়েছে—বুড়িপোতা ইউনিয়নের রাধাকান্দবপুর পশ্চিমপাড়া জামে মসজিদ, আমঝুপি ইউনিয়নের উত্তরপাড়া বটতলা জামে মসজিদ, বারাদি ইউনিয়নের রাজনগর বেলাপাড়া জামে মসজিদ, মেহেরপুর পৌরসভার নতুনপাড়া জামে মসজিদ, আমদহ ইউনিয়নের মধ্যপাড়া জামে মসজিদ, মেহেরপুর পৌরসভার কেশবপাড়া জামে মসজিদসহ সদর ও মুজিবনগর উপজেলার মোট ১০টি মসজিদ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন প্রকৌশলী আক্তার হোসেন রিপন, জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, উপজেলা আমির সোহেল রানা, উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম, শ্যামপুর ইউনিয়নের চেয়ারম্যান প্রার্থী আজমাইন হোসেনসহ দলীয় নেতাকর্মী ও সংশ্লিষ্ট মসজিদ কমিটির সদস্যরা।

বরাদ্দের অর্থ মসজিদগুলোর প্রয়োজনীয় সংস্কার, মেরামত ও উন্নয়নকাজে ব্যয় করা হবে বলে সংশ্লিষ্টরা জানান। স্থানীয় মুসল্লিরা সরকারের এ উদ্যোগকে স্বাগত জানিয়েছেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান গ্রেপ্তার

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নানকে (ছোট) গ্রেপ্তার করেছে পুলিশ। রোববার (২৩ আগস্ট) রাত ১০টার দিকে মেহেরপুর শহরের স্টেডিয়ামপাড়ায় নিজ বাসভবনের সামনে থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির বিষয়টি নিশ্চিত করে জানান, রাজনৈতিক মামলায় আব্দুল মান্নানকে গ্রেপ্তার দেখানো হয়েছে। আজ সোমবার দুপুরে তাকে আদালতে প্রেরণ করা হবে।

তবে কোন মামলায় তাকে গ্রেপ্তার দেখানো হয়েছে, সে বিষয়ে তিনি নিশ্চিত করে কিছু জানাননি।

গাংনীর সাহারবাটি ইউপির প্যানেল চেয়ারম্যান আসমা তারাকে অব্যাহতি

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান আসমা তারার বিরুদ্ধে সীমাহীন দুর্নীতির অভিযোগ তুলে তাকে সাময়িকভাবে পদ থেকে অব্যাহতি দিয়েছেন জেলা প্রশাসক।

অভিযোগ সূত্রে জানা গেছে, ইউনিয়ন পরিষদের আওতাধীন বিভিন্ন গ্রামের ভাতাভোগীদের কাছ থেকে ভাতার কার্ড করে দেওয়ার নামে ৫ হাজার টাকা করে নেওয়ার অভিযোগ করেছেন ভুক্তভোগীরা।

এ ছাড়া ইউনিয়ন পরিষদের বরাদ্দকৃত ওয়ান পার্সেন্টের টাকাসহ ইউনিয়ন

পরিষদের সরকারি বিভিন্ন প্রকল্পের টাকা ভুয়া নামে লুটপাটের অভিযোগ তুলে ইউনিয়ন পরিষদের ইউপি সদস্যরা জেলা প্রশাসক বরাবর লিখিত অভিযোগ দেন।

লিখিত অভিযোগের ভিত্তিতে তদন্ত শেষে তাকে সাময়িকভাবে পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে বলে জানা গেছে। অভিযোগ রয়েছে, সীমাহীন দুর্নীতির কারণেই তাকে পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তাকে পদ থেকে অব্যাহতি দেওয়ায় এলাকার সাধারণ মানুষের মধ্যে স্বস্তি ফিরে এসেছে বলে স্থানীয়রা জানিয়েছেন।

বিষয়টি নিশ্চিত করে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন বলেন, ইউনিয়ন পরিষদের সব ইউপি সদস্য অনাস্থা প্রস্তাব আনেন। আবেদনের পরিপ্রেক্ষিতে তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছিল।

তদন্তে আসমা তারার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে প্যানেল চেয়ারম্যান পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। একই সঙ্গে গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

মেহেরপুরে তিন প্রতিষ্ঠানকে ৭০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার হোটেল বাজার ও বড় বাজার এলাকায় তদারকিমূলক অভিযান চালিয়ে তিন প্রতিষ্ঠানকে মোট ৭০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়।

রোববার (২৩ আগস্ট) সকাল ১১টা থেকে দুপুর ২টা পর্যন্ত এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে বিভিন্ন খাদ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান তদারকি করা হয়।

অভিযানকালে যথাযথ কর্তৃপক্ষের সনদ গ্রহণ না করে এবং নিষিদ্ধ

কেওড়া জল ও শিল্প লবণ ব্যবহার করে খাদ্যসামগ্রী তৈরির অভিযোগে মো. আব্দুস সালাম হাওলাদারের ঢাকা কাচ্চি ঘরকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

এ ছাড়া লাইসেন্স নবায়ন না করা, কাঁচা মাংসের সঙ্গে খাওয়ার বরফ রাখাসহ বিভিন্ন অনিয়মের কারণে মো. মেহেদী হাসানের জোছনা বেকারি ও কনফেশনারিকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়। লাইসেন্স ছাড়া বেকারি পণ্য তৈরি এবং পণ্যে মেয়াদ না দেওয়ার কারণে মো. আল আরাবি আজিজের আল বারাকা লাইভ বেকারিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে তিন প্রতিষ্ঠান থেকে সর্বমোট ৭০ হাজার টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এ সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে দ্রুত প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ করা এবং যথাযথভাবে খাদ্যপণ্য তৈরি ও সংরক্ষণের জন্য বিভিন্ন নির্দেশনা দেওয়া হয়।

অভিযান পরিচালনা করেন মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন নিরাপদ খাদ্য কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) মো. রিয়াজ মাহমুদ, ক্যাব সভাপতি মো. রফিকুল আলম, মেহেরপুর জেলা পুলিশের একটি দল এবং র্যাব-১২-এর একটি দল।

জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

মেহেরপুরে প্রতিবন্ধী নারীকে ধর্ষণ: ইউপি সদস্যের যাবজ্জীবন ও জরিমানা

ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলায় মেহেরপুরের পিরোজপুর ইউনিয়নের আওয়ামী লীগ নেতা ও ইউপি সদস্য মো. কলিম উদ্দিন ওরফে

কালুকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। রায় শুনে এজলাস থেকে নেমে জ্ঞান হারিয়ে ফেলেন তিনি।

রোববার (২৩ আগস্ট) দুপুরে মেহেরপুর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক (জেলা ও দায়রা জজ) আলী মাসুদ শেখ এ রায় ঘোষণা করেন। একই সঙ্গে আসামিকে পাঁচ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়।

দণ্ডপ্রাপ্ত মো. কলিম উদ্দিন ওরফে কালু মেহেরপুর জেলার পিরোজপুর এলাকার মৃত আব্দুল মন্ডলের ছেলে। তিনি স্থানীয় আওয়ামী লীগ নেতা এবং পিরোজপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের মেম্বার।

মামলার নথি সূত্রে জানা গেছে, নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধিত-২০০৩)-এর ৯(১) ধারায় দায়ের করা মামলায় আসামির বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করেন আদালত। এরপর তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং পাঁচ লাখ টাকা অর্থদণ্ড দেওয়া হয়। জরিমানার অর্থ পরিশোধে ব্যর্থ হলে তাকে আরও এক বছরের সশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে।

রায়ে বিচারক উল্লেখ করেন, আসামির ওপর আরোপিত অর্থদণ্ড ভুক্তভোগীর ক্ষতিপূরণ হিসেবে গণ্য হবে। আসামির বর্তমান সম্পদ থেকে ওই অর্থ আদায় করা সম্ভব না হলে ভবিষ্যতে তার মালিকানাধীন বা অধিকারভুক্ত সম্পদ থেকে তা আদায় করা যাবে। এ ক্ষেত্রে ক্ষতিপূরণের দাবিটি অন্য যেকোনো দাবির চেয়ে অগ্রাধিকার পাবে।

এ ছাড়া নারী ও শিশু নির্যাতন দমন আইনের ১৬ ধারার বিধান অনুযায়ী আসামির স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিলামে বিক্রি করে বিক্রয়লব্ধ অর্থ ট্রাইব্যুনালে জমা দেওয়ার জন্য মেহেরপুরের ডেপুটি কালেক্টরকে নির্দেশ দিয়েছেন আদালত। ওই অর্থ ট্রাইব্যুনালে জমা হওয়ার পর তা মামলার ভুক্তভোগীকে দেওয়ার কথা বলা হয়েছে।

রায়ে আরও বলা হয়, আসামি চাইলে রায়ের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উচ্চ আদালতে আপিল করতে পারবেন। বিচারাধীন সময়ে আসামির হাজতবাসের সময় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ৩৫এ ধারার বিধান অনুযায়ী সাজা থেকে বাদ দেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে।

রায় ঘোষণার পর আসামির বিরুদ্ধে সাজা পরোয়ানা জারি করে তাকে মেহেরপুর জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। তবে রায় ঘোষণার পরপরই তিনি অসুস্থ হয়ে পড়েন। একপর্যায়ে জ্ঞান হারিয়ে

ফেললে প্রাথমিক চিকিৎসার জন্য তাকে মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নেওয়া হয়।

আদালত সূত্র আরও জানায়, রায়ের অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে মেহেরপুরের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট ও জেলা ম্যাজিস্ট্রেটের কাছে পাঠানো হয়েছে। জব্দকৃত আলামত বিধি অনুযায়ী নিষ্পত্তির জন্য রায়ের অনুলিপি মেহেরপুরের কোর্ট ইন্সপেক্টরের কাছেও পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে।

রাষ্ট্রপক্ষের আইনজীবী এবং নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পাবলিক প্রসিকিউটর মোস্তাফিজুর রহমান তুহিন বলেন, দীর্ঘ বিচারিক প্রক্রিয়া এবং সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে অভিযুক্ত পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগ নেতা কালুর অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত তাকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন। এই রায়ে রাষ্ট্রপক্ষ সন্তুষ্ট।

মুজিবনগরে ৭শ কলাগাছের কাঁদি কেটে তছরুপ

মেহেরপুরের মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের বিশ্বনাথপুর কাঠডোবার মাঠে এক কৃষকের প্রায় দেড় বিঘা জমির ফলন্ত কলাগাছ কেটে তছরুপ করার অভিযোগ উঠেছে। এতে ওই কৃষকের আড়াই থেকে তিন লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবি করা হয়েছে।

ক্ষতিগ্রস্ত কৃষক মোশাদ আলী মোনাখালী ইউনিয়নের সাবেক ইউপি সদস্য। তিনি জানান, দেড় বিঘা জমিতে প্রায় ৭০০টি কলাগাছ চাষ করেছিলেন। কলা চাষে তার প্রায় ৯০ হাজার থেকে এক লাখ টাকা খরচ হয়েছে। গাছগুলোতে ভালো ফলন এসেছিল। কলা বিক্রি করে দুই থেকে আড়াই লাখ টাকা আয় করার আশা করেছিলেন তিনি।

মোশাদ আলীর অভিযোগ, ঘটনার আগে তাকে ফোনে হুমকি দেওয়া হয়েছিল। পরে গত রাতে কপির চারা ঢাকার জন্য স্থানীয় কৃষকেরা নিজ নিজ জমিতে যাওয়ার সময় মাঠের একটি স্থানে কয়েকজনকে অবস্থান করতে দেখেন। ওই

কৃষকরা ধারণা করছেন, তারা চলে আসার কিছুক্ষণ পর রাতের আঁধারে দুর্বৃত্তরা মোশাদ আলীর জমিতে ঢুকে প্রায় ৭০০টি ফলন্ত গাছের মধ্যে অর্ধেকেরও বেশি গাছের কাঁদি কেটে ফেলে তছরুপ করে দেয়।

ক্ষতিগ্রস্ত কৃষক মোশাদ আলী বলেন, “অনেক কষ্ট ও টাকা খরচ করে কলাগাছগুলো বড় করেছিলাম। গাছগুলোতে ভালো ফলনও এসেছিল। কিন্তু রাতের আঁধারে সব কেটে দেওয়ায় আমার বড় ধরনের ক্ষতি হয়েছে। যারা এ কাজ করেছে, তাদের শনাক্ত করে আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি।”

এ ঘটনায় জড়িতদের শনাক্ত করে দৃষ্টান্তমূলক শাস্তির পাশাপাশি ক্ষতিগ্রস্ত কৃষকের ক্ষতিপূরণের দাবি করেছেন এলাকাবাসী।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার দাস জানান, ঘটনার খবর পেয়ে পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে। লিখিত অভিযোগ পেলে বিষয়টি তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে জামায়াতের অফিসের নিচে ব্যাগ দেখে বোমা আতঙ্ক, ভেতরে মিলল গমের ময়দা

মেহেরপুরের গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয়ের নিচে একটি ব্যাগ পড়ে থাকাকে কেন্দ্র করে বোমা আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে ব্যাগটি খুলে গমের ময়দা দেখতে পায়।

বৃহস্পতিবার (২০ আগস্ট) দুপুর ১ টার দিকে উপজেলা শহরের আসাদ মার্কেটের নিচে এ ঘটনা ঘটে।

স্থানীয় ও পুলিশ সুত্রে জানা গেছে, শহরের আসাদ মার্কেটের নিচে একটি প্লাস্টিকের বাজারের ব্যাগ দেখতে পায় স্থানীয়রা। মার্কেটের দ্বিতীয় তলায় জামায়াতে ইসলামীর কার্যালয় রয়েছে। ব্যাগের ভেতরে বোমাসদৃশ কোনো বস্তু থাকতে পারে এমন আশঙ্কায় তারা পুলিশকে খবর দেন।

খবর পেয়ে গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ব্যাগটি দেখতে পান। পরে ব্যাগ খুলে দেখা যায় ভেতরে কোনো বোমা বা বিস্ফোরক নয়, ছিল গমের ময়দা। এতে স্থানীয়দের মধ্যে স্বস্তি ফিরে আসে।

পুলিশ ব্যাগ খোলার পর জানা গেছে মার্কেটের পেছনের একটি বাড়ির এক নারী ব্যাগটি সেখানে রেখে বাড়ির ভেতরে চলে যান। পরে তিনি এসে জানান, ব্যাগটি তিনিই সেখানে রেখে গিয়েছিলেন।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাদ্দিস মোর্শেদ চৌধুরী জানান, বিষয়টি নিয়ে আতঙ্কিত হওয়ার কোনো কারণ নেই। এক বৃদ্ধ নারী ব্যাগটি সেখানে রেখে বাড়িতে চলে গিয়েছিলেন। পরে পুলিশ ব্যাগটি খুলে দেখে এতে গমের ময়দা রয়েছে।

গাংনীতে অবৈধভাবে সার পাচারের চেষ্টা, ১ হাজার টাকা জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার ধানখোলা ইউনিয়নের যুগিন্দা বাজারে অবৈধভাবে সার পাচারের সময় ২০ বস্তা সারসহ একটি অটোভ্যান আটক করেছে স্থানীয়রা।

বৃহস্পতিবার সকালে ধানখোলা বাজার থেকে আজান যাওয়ার পথে যুগিন্দা বাজারে এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, সম্প্রতি গাংনী উপজেলায় সারের সংকট দেখা দিয়েছে। সরকারি নির্ধারিত মূল্যে সার না পেয়ে অনেক কৃষককে খোলা বাজার থেকে বেশি দামে সার কিনতে হচ্ছে। এ অবস্থায় সার পাচারের খবর পেয়ে স্থানীয়রা যুগিন্দা বাজারে একটি অটোভ্যান আটক করে উপজেলা প্রশাসনকে খবর দেন।

পরে গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন ঘটনাস্থলে গিয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এ সময় অবৈধভাবে সার পরিবহনের অভিযোগে অটোভ্যানচালক শাহাবুল ইসলামকে ১ হাজার টাকা জরিমানা করা হয়।

গাংনী উপজেলা অতিরিক্ত কৃষি কর্মকর্তা আরাফাত মিয়া আটক করা ২০ বস্তা সার সরকারি নির্ধারিত মূল্যে স্থানীয় কৃষকদের মধ্যে বিতরণ করেন। জরিমানার অর্থ সরকারি কোষাগারে জমা দেওয়া হবে বলে জানান তিনি।